# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৯৬) উমরায় তাওয়াফের পূর্বে সা'ঈ করার বিধান কী?

উত্তর: উমরাকারী তাওয়াফের পূর্বে যদি সা'ঈ করার পর তাওয়াফ করে থাকে তবে তাকে পুনরায় সা'ঈ করতে হবে। কেননা দু'টি কাজে ধারাবাহিকতা রক্ষা করা ওয়াজিব। প্রথমে তাওয়াফ তারপর সা'ঈ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ রকম সিরিয়াল রক্ষা করেই তা আদায় করেছেন। তিনি বলেন, “তোমরা আমার নিকট থেকে হজ-উমরার নিয়ম শিখে নাও।”[1] আমরা নবীজীর শিখানো পদ্ধতি গ্রহণ করতে চাইলে প্রথমে আমাদেরকে তাওয়াফ শুরু করতে হবে। তারপর সা'ঈ। কিন্তু যদি বলে যে, আমি প্রথমবার সা'ঈ করাতে ক্লান্ত হয়ে পড়েছি। আমরা তাকে বলব, তুমি কিছুটা বিশ্রাম নিয়ে সা'ঈ কর। কিন্তু ভুলের ওপর অটল থাকা চলবে না।

তাবে'ঈদের মধ্যে কেউ এবং কতিপয় বিদ্বান মত পোষণ করেন যে, ভুলক্রমে বা অজ্ঞতাবশতঃ কেউ যদি উমরাতে তাওয়াফের পূর্বে সা'ঈ করে ফেলে, তবে তাকে কোনো কিছু দিতে হবে না। যেমনটি হজের বেলায় হয়ে থাকে।

## ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: ইলম বা জ্ঞান, অনুচ্ছেদ: পশুর পিঠে থাকাবস্থায় মানুষকে ফাতওয়া দেওয়া; সহীহ মুসলিম, অধ্যায়: হজ, অনুচ্ছেদ: কুরবানীর পূর্বে যে মাথা মুণ্ডন করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1170

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন